
দৈনিক ইত্তেফাক
তারিখ ... JUL. 8 1999
পৃষ্ঠা ... কলাম ...






# কোথায় কেমন সুযোগ সুবিধা

জ্ঞানপিপাসুদের কাছে লাইব্রেরী একটি অতিপ্রিয় স্থান। সময় পেলেই অবসরটা লাইব্রেরীতে কাটানোটা অনেকেই খুব পছন্দ করেন। এক একটা লাইব্রেরী যেন এক একটা জ্ঞান ভান্ডার। ঢাকার বেশ কয়েকটি পাঠাগারের ঠিকানা এখানে দেয়া হলো।

মহানগর পাঠাগার ঃ এই লাইব্রেরীটি ঢাকার গুলিস্থানে অবস্থিত। এখানে বিভিন্ন বিষয়ের বই, রেফারেন্স বই, এবং পত্র-পত্রিকা পাওয়া যায়। এই লাইব্রেরীর একটা বাড়তি সুবিধা হল, এখানে চাকুরির বিজ্ঞপ্তিসহ বিভিন্ন বিজ্ঞাপনের কার্টিং পাওয়া যায়। এখানে সদস্য হতে ১০০ টাকা (ফেরতযোগ্য) জামানত রাখা হয়। বার্ষিক চাঁদার হার ১০০ টাকা। সদস্যরা বাড়ীতে বই নিতে পারেন। জাতীয় গ্রন্থকেন্দ্র পরিচালিত ও গ্রন্থভবনে অবস্থিত এই লাইব্রেরী শুক্র ও শনিবার ছাড়া প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত খোলা।

পাবলিক লাইব্রেরী ঃ এটি রাজধানীর শাহবাগ যাদুঘরের পাশে অবস্থিত বৃহৎ লাইব্রেরী। বিভিন্ন ধরনের পত্রিকা, বইপত্র ছাড়াও অনেক মূল্যবান রেফারেন্স বই এখানে পাওয়া যায়। তিনতলা বিশিষ্ট এই লাইব্রেরীটি মূলত দ্বিতীয় ও তৃতীয় তলাতেই রয়েছে অধ্যয়নের সুযোগ। এই লাইব্রেরীটি শুক্র ও শনিবার ছাড়া প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে।

পি আই বি লাইব্রেরী ঃ কাকরাইলের কাছে সার্কিট রোডে অবস্থিত পি আই বি বা প্রেস ইন্সটিটিউট লাইব্রেরী। সাংবাদিক এবং সাংবাদিকতায় আগ্রহীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এই লাইব্রেরী। দেশে প্রকাশিত সব ধরনের পত্রিকা, বই এছাড়াও বিদেশী বই এবং ম্যাগাজিন রয়েছে এই লাইব্রেরীতে। নিরিবিলি পরিবেশে লেখাপড়া করতে পারেন এই পাঠাগারে। শুক্রবার ও শনিবার ছাড়া প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই লাইব্রেরী খোলা পাবেন।

ব্যানবেইস লাইব্রেরী ঃ বাংলাদেশ জাতীয় শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো বা ব্যানবেইস লাইব্রেরীটি পলাশী-নীলক্ষেতের সোনারগাঁও রোডে অবস্থিত। এখানে লেখাপড়া করতে হলে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয় পত্র সঙ্গে নিয়ে আসতে হয়। বিভিন্ন তথ্য ভিত্তিক বই-ই এখানে বেশী। সাপ্তাহিক ছুটি শুক্রবার ও শনিবার। এছাড়া প্রতিদিন সাড়ে ৯টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত খোলা থাকে।

ইউসিস লাইব্রেরী ঃ বনানীতে রোড-২৭, বাড়ী-১১০ এ অবস্থিত এই লাইব্রেরী। প্রচুর বিদেশী পত্র-পত্রিকা ও বইসহ এই পাঠাগারটি শিক্ষার্থীদের জন্য উপকারী। পরিবেশটিও চমৎকার।

ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরী ঃ এটি বায়তুল মোকাররম কমপ্লেক্সে অবস্থিত। প্রচুর ইসলামী বই ও পত্র-পত্রিকায় সমৃদ্ধ এই লাইব্রেরীটি। শুধুমাত্র শনিবারে সাপ্তাহিক ছুটি। এছাড়া অন্যান্য দিন সকাল ১০টা থেকে এশার আযান পর্যন্ত খোলা থাকে।

ভারতীয় দূতাবাস লাইব্রেরী ঃ লাইব্রেরীটি ধানমন্ডির সাত মসজিদ রোডের ৭৫৪ নং বাড়ীতে চার তলায় অবস্থিত। আবাহনী মাঠের ঠিক উল্টা দিকে ভবনটি অবস্থিত। লাইব্রেরীটি সবার জন্য উন্মুক্ত। নাম ও ঠিকানা এন্ট্রি করে এখানে লেখাপড়া করা যায়। এখানে বাংলা-ইংরেজী সব ধরনের বই এবং ভারতের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়া লেখা করার জন্য প্রয়োজনীয় সব তথ্য পাওয়া যায়। এ লাইব্রেরীতে পড়ালেখা করার জন্য সদস্য হওয়ার দরকার হয় না। শুক্রবার ও শনিবার বাদে অন্যান্য দিন লাইব্রেরীটি সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে।

ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরী ঃ এই লাইব্রেরীটি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফুলার রোডে অবস্থিত। এখানে মূলত বিদেশী বই ও পত্র-পত্রিকা পাওয়া যায়। এখানে সদস্য হওয়া যায় এক বছরের জন্য, তারপর রিনিউ করতে হয়। সাপ্তাহিক ছুটি বৃহস্পতিবার ও শুক্রবার। অন্যান্য দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে।

গণউন্নয়ন গ্রন্থাগার ঃ এই লাইব্রেরীটি ধানমন্ডি সাত মসজিদ রোডের কাছে ১৪-এ নং সড়কের ৩৯নং বাড়ীতে অবস্থিত। এ বাড়ীটির অবস্থান আবাহনী মাঠের উত্তর-পশ্চিম কোণে। এটি একটি এনজিও-র লাইব্রেরী। বিভিন্ন ধরনের বই, পত্রিকা এবং সাময়িকী এখানে পাওয়া যায়। সদস্য হতে ২০০ টাকা জামানত এবং ১০ টাকা ভর্তি ফি দিতে হয়। বার্ষিক চাঁদা ২০ টাকা। শুক্রবার বন্ধ থাকে। এছাড়া অন্যান্য দিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকে।

বিশ্ব সাহিত্য কেন্দ্র লাইব্রেরী ঃ বাংলা মোটরে শান্ত সবুজ পরিবেশে বিশ্ব সাহিত্য কেন্দ্র অবস্থিত। বিভিন্ন ধরনের পুস্তক সমৃদ্ধ এই লাইব্রেরীতে সদস্য হতে ৪০০ টাকা জামানত (ফেরতযোগ্য) এবং মাসিক ১০ টাকা হারে চাঁদা দিতে হয়। শুক্রবার ছাড়া অন্যান্য দিন বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে এই পাঠাগারটি।

রামকৃষ্ণ মিশন পাঠাগার ঃ রামকৃষ্ণ মিশন মঠে অবস্থিত এই লাইব্রেরীটি। ব্রাদার্স ইউনিয়ন ক্লাবের বিপরীতে অবস্থিত। এখানে বিভিন্ন পত্র-পত্রিকাসহ বিদেশী বই, ও ধর্মীয় গ্রন্থ পাওয়া যায়। এটি সকলের জন্য উন্মুক্ত। নাম ও ঠিকানা এন্ট্রি করে লেখাপড়া করা যায়। সাপ্তাহিক ছুটি রবিবার ব্যতীত অন্যান্য দিন বিকাল ৪টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত পাঠাগারটি খোলা থাকে। মঠের সুবজ, শান্ত পরিবেশে লেখাপড়া করা যায়।

❑ ইসরাত জাহান রুনা

